গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

এবং

সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ - জুন ৩০, ২০২০

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ২৩

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সাম্প্রতিক তিন বছরের যোগাযোগ খাতে ১২৬.৯৭ কি:মি: রাস্তা নির্মাণ, ৩৫১.২৭ মিটার ব্রিজ নির্মাণ, ২৬২.৭৪ মিটার কালভার্ট নির্মাণসহ ৪৯৬০৪.৭২ মিটার পর্যন্ত প্রতিরোধক কাজ (এল/ইউ/ক্রস ড্রেইন নির্মাণ/ ধারক দেয়াল নির্মাণ) সম্পন্ন করা হয়েছে। সাম্প্রতিক তিন বছরের শিক্ষা খাতে ৭৮২৯.৪১ বর্গ মি: স্কুল ভবন নির্মাণ, ১৮৩৭.৮৯ বর্গ মি: কলেজ ভবন নির্মাণ, ৬৬৬০.৯৫ বর্গ মি: ছাত্রাবাস নির্মাণ এবং তিন পার্বত্য জেলা ৩,৫২০ জন মেধাবী ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছে। কৃষি খাতে সাম্প্রতিক তিন বছরের ২,৩৫৭ বর্গ মি: সেচ ড্রেইন নির্মাণ করা হয়েছে। সমাজকল্যাণ খাতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড সাম্প্রতিক তিন বছরের ১৮৮৯.৬২ বর্গ মি: পর্যন্ত সামাজিক এবং ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণ করা হয়েছে। নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে ০৫ টি রিংওয়েল নির্মাণ করা হয়েছে। যাত্রীদের সুবিধার্থে ২৭৮বর্গমি. যাত্রী ছাউনী নির্মাণ করা হয়েছে। পার্বত্যাঞ্চলে ক্রীড়া ও সাংস্কৃতিক উন্নয়নের লক্ষ্যে ০৪ প্রতিষ্ঠানকে ক্রীড়া ও সাংস্কৃতিক সরঞ্জামাদির সামগ্রী প্রদান করা হয়েছে। মিশ্র ফল বাগান সৃজনের মাধ্যমে ৬১৭২.৫ একর জায়গায় বিভিন্ন ফলমূলের বাগান সৃজন করা হয়েছে এতে উপকারভোগী সংখ্যা ৫০৪৯ জন। সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প-৩য় পর্যায় এর আওতায় তিন পার্বত্য জেলার ২৬ টি উপজেলায় ১১৯টি ইউনিয়নে ১২৬০ পাড়াকেন্দ্র স্থাপনের মাধ্যমে প্রত্যন্ত পার্বত্য এলাকায় ৩৮৭২২৯ পরিবারকে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, পানি, পয়: ব্যবস্থা ইত্যাদি মৌল সেবা প্রবাহের সাথে যুক্ত করা হয়েছে।পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত এলাকায় বিদ্যুৎ সরবরাহের সুযোগ সৃষ্টিকরণের লক্ষ্যে ৮৭৩৩ পরিবারে মাঝে হোম সোলার সিস্টেম সরবরাহ ও স্থাপন এবং ১০,৪৮৬/- জন সুবিধাভোগীকে সোলার বিষয়ের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

১) বরাদ্দের অপ্রতুলতা, ২) আইটি বিষয়ক জনবলের অভাব, ৩) বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন প্রথা চালুর বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে নীতিগত সিদ্ধান্ত হওয়া সত্ত্বেও প্রক্রিয়া স্থগিত থাকা ৪) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে দারিদ্র্য নিরসনের লক্ষ্যে গণমুখী স্কিম/প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

ভবিষ্যৎ পরিকল্পনা:

যোগাযোগ ও যাতায়াত ব্যবস্থা আরো উন্নতকরণ, ভৌত ও অবকাঠামো নির্মাণ, ক্রীড়া ও সংস্কৃতির উন্নয়ন, শিক্ষা সুযোগ সম্প্রসারণ, কৃষি কাজের সেচ সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন অবকাঠামো নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হবে। এছাড়া আত্মকর্মসংস্থান ও সমাজকল্যাণমূলক বিভিন্ন প্রকল্প গ্রহণ এবং প্রশিক্ষণের মাধ্যমে জীবনযাত্রারমান ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদি বিষয়ে বিভিন্ন স্কিম ও প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অধীনে ২০১৯-২০ অর্থ বছরে ৪৯.৩ কি.মি. রাস্তা, ৯৩.৮২ মিটার ব্রিজ এবং ৯৩.৪৫ মিটার পর্যন্ত কালভার্ট নির্মাণ করা হবে। ২) পার্বত্য অঞ্চলে মেধাবী, অসচ্ছল ও অনগ্রসর প্রায় ১,২০০ জন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি অনলাইনে প্রদান করা হবে। ৩) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কৃষি খাতে ৪০৫ বর্গমিটার সেচ ড্রেইন নির্মাণ করা হবে। ৪) সামাজিক ও ধর্মীয় সুবিধাদি বৃদ্ধিতে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ২০১৯-২০ অর্থ বছরের ৫৬০১.৪৩ বর্গমিটার সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণ করা হবে। ৫) ক্রীড়া ও সংস্কৃতি উন্নতি সাধনের লক্ষ্যে ২৬০ বর্গমিটার ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান নির্মাণ করা হবে। ৬) কমলা ও মিশ্র ফল চাষের মাধ্যমে ১৫০ একর জায়গায় বাগান সৃজন করা হবে। ৭) মিশ্র ফল চাষ প্রকল্পের আওতায় ৫০ টি বাঁধের মাধ্যমে পানির উৎস সৃষ্টি করা হবে ও ৫০ টি মার্কেট সেড নির্মাণ করা হবে। ৮) পার্বত্য চট্টগ্রামের টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের আওতায় পাড়াকেন্দ্রের মাধ্যমে ১৮,০৮২ শিশুকে প্রাক্ প্রাথমিক শিক্ষা প্রদান এবং ৬৮,০০০ মা ও শিশুকে স্বাস্থ্য সেবা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে ৯) তিন পার্বত্য জেলায় ৪,৭০,০০০ বাশের চারা বিতরণ করা হবে।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

এবং

সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৯ সালের .... মাসের ..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

উন্নত-সমৃদ্ধ পার্বত্য চট্টগ্রাম।

১.২ অভিলক্ষ্য (Mission)

পার্বত্য চট্টগ্রামের দুর্গম এলাকার যোগাযোগ ব্যবস্থা, কৃষি ও সেচ, শিক্ষা, সমাজকল্যাণ, ক্রীড়া ও সংস্কৃতির বিকাশে প্রয়োজনীয় ভৌত ও যোগাযোগ অবকাঠামো নির্মাণ এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে প্রকল্প/স্কীম গ্রহন ও বাস্তবায়ন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. আত্মকর্মসংস্থামূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে দারিদ্র্য নিরসন
২. যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন
৩. পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের প্রত্যন্ত এলাকায় মৌলিক সামাজিক সেবার প্রাপ্যতা ও মানসম্মত ব্যবহার বৃদ্ধিকরণ
৪. শিক্ষাসহায়তা সম্প্রসারণ
৫. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও মুজিব বর্ষ উদ্‌যাপন
৬. ক্রীড়া ও সংস্কৃতির উন্নতি সাধন
৭. সামাজিক এবং ধর্মীয় সুবিধাদি বৃদ্ধিতে সহায়ক অবকাঠামো নির্মাণ
৮. কৃষি, সেচ অবকাঠামো এবং জলাধার নির্মাণের মাধ্যমে পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণ এবং নিরাপদ পানি সরবরাহকরণ
৯. প্রকল্প পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. পার্বত্য জেলার জনসংখ্যা, আয়তন ও অনগ্রসরতা বিবেচনা পূর্বক পার্বত্য জেলাসমূহের উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প ও স্কিম প্রণয়ন
২. পার্বত্য জেলাসমূহের উপজেলা সদর, ইউনিয়ন ও গ্রামসমূহে অনধিক ২ (দুই) কোটি টাকার প্রকল্প ও স্কিম অনুমোদন;
৩. অনুমোদিত প্রকল্প/স্কিমসমূহ বাস্তবায়ন এবং বাস্তবায়ন কার্যক্রম তদারকি
৪. বিভিন্ন উন্নয়ন সংস্থার আর্থিক বা কারিগরি সহায়তায় পরিচালিত উন্নয়ন প্রকল্প ও স্কিম বাস্তবায়ন
৫. উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের জন্য উহাদের সহিত সংশ্লিষ্ট বা আনুষঙ্গিক প্রয়োজনীয় অন্যান্য কার্য সম্পাদন

সেকশন ২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা ২০১৯-২০	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২০-২১	২০২১-২০২২		
শিশু স্বাস্থ্য সেবা	টীকা গ্রহণের হার বৃদ্ধি	%	৯০%	৯২%	৯৪%	৯৬%	৯৮%	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, স্বাস্থ্য বিভাগ/পরিবার পরিকল্পনা বিভাগ, প্রাথমিক শিক্ষা বিভাগ	টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অগ্রগতি প্রতিবেদন।
নারীর ক্ষমতায়ন	ক্ষমতায়নের হার	%	৬৪%	৬৮%	৭০%	৭২%	৭৪%	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, আন্তর্জাতিক সংস্থা (ইউনিসেফ)	পরিকল্পনা অধিশাখা, পাচউবো, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প।
যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন	যোগাযোগ সহজীকরণ	কি:মি:	৪২.০৫	৭১.৬	৫৭.০৮	৬০	৬৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	প্রকৌশল শাখা(রাঙ্গামাটি,খাগড়াছড়ি,বান্দরবান) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

*সাময়িক (provisional) তথ্য